যুক্তরাষ্ট্রে ২৪ ঘণ্টায় ১৫০০ মৃত্যু, আক্রান্ত ৬০ হাজার

করোনাভাইরাসে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা কিছুতেই নিয়ন্ত্রণে আসছে না যুক্তরাষ্ট্রে। সবশেষ ২৪ ঘণ্টায় দেশটিতে দেড় হাজারের বেশি মানুষের মৃত্যু হয়েছে, যা গত আড়াই মাসে সর্বোচ্চ মৃত্যুর রেকর্ড।

জন্স হপকিন্স বিশ্ববিদ্যালয়ের বরাত দিয়ে বার্তা সংস্থা এএফপির খবরে বলা হয়েছে, স্থানীয় সময় মঙ্গলবার রাত সাড়ে ৮টা পর্যন্ত (বাংলাদেশ সময় বুধবার সকাল সাড়ে ৬টা) ২৪ ঘণ্টায় যুক্তরাষ্ট্রে নতুন করে ৬০ হাজারের বেশি মানুষ আক্রান্ত হয়েছেন। আর এই সময়ে মারা গেছেন ১ হাজার ৫৯২ জন মানুষের মৃত্যু হয়েছে। মৃত্যুর এই সংখ্যা গত একদিনের হিসেবে গত আড়াই মাসের মধ্যে সর্বোচ্চ।

এ নিয়ে দেশটিতে করোনায় মোট প্রাণহানির সংখ্যা দেড় লাখ ছুঁই ছুঁই। মৃত্যু ও আক্রান্তের বৈশ্বিক তালিকায় অনেক আগে থেকেই শীর্ষে যুক্তরাষ্ট্র।

যুক্তরাষ্ট্রে মোট আক্রান্ত বেড়ে ৪৩ লাখ ৫০ হাজার ছুঁই ছুঁই, যা বিশ্বের মোট আক্রান্তের প্রায় এক-চতুর্থাংশ।

আন্তর্জাতিক উপাত্ত বিশ্লেষক প্রতিষ্ঠান ওয়ার্ল্ডওমিটারের তথ্য মতে, যুক্তরাষ্ট্রে আক্রান্ত-মৃত্যুর সংখ্যাটা আরও বেশি। তাদের হিসেবে আর দুহাজার হলেই দেশটিতে আক্রান্ত ৪৪ লাখে পৌঁছাবে। আর মৃত্যুর সংখ্যা ১ লাখ ৫২ হাজার ছাড়িয়েছে।

আক্রান্ত-মৃত্যুতে যুক্তরাষ্ট্রের পরেই রয়েছে ব্রাজিল। আক্রান্ত ২৪ লাখ ৮৪ হাজার ছাড়িয়েছে; এর মধ্যে মৃত্যু হয়েছে ৮৮ হাজার ৬০০ মানুষের।

ভারত আক্রান্তের তালিকায় আছে তৃতীয়স্থানে, ১৫ লাখ ৩২ হাজার ছাড়িয়েছে। মৃত্যুর তালিকায় আছে ষষ্ঠস্থানে, ৩৩ হাজার ৪০০ ছাড়িয়েছে।

বিশ্বজুড়ে করোনায় আক্রান্ত ১ কোটি ৬৮ লাখ ছাড়িয়েছে। এর মৃত্যু হয়েছে ৬ লাখ ৬৩ হাজার মানুষের। সুস্থদের সংখ্যা ১ কোটি ৪ লাখ ৫৬

হাজার ছাড়িয়েছে।

গত বছরের ডিসেম্বরে চীনের উহান থেকে ছড়িয়ে পড়া করোনাভাইরাস বিশ্বের ২১৩ টি দেশ ও অঞ্চলে বিস্তার ঘটিয়েছে। এটিকে বৈশ্বিক মহামারী ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। সূত্র-যুগান্তর

বছর শেষে হাতে আসবে করোনার টিকা? আশা জাগাচ্ছে দুই মার্কিন প্রতিষ্ঠান

করোনাভাইরাসে টিকা তৈরির শেষ ধাপে পৌঁছে গেছে মার্কিন সংস্থা মডার্না আইএনসি এবং ফাইজার আইএনসি। মার্কিন সরকারের সমর্থনে গবেষণার তৃতীয় পর্যায়ে ৩০ হাজার স্বেচ্ছাসেবীর উপর টিকার চূড়ান্ত পরীক্ষা শুরু করেছে তারা।

স্থানীয় সময় সোমবার সকালে জর্জিয়ার সাভানায় এক ব্যক্তির উপর এই টিকা পরীক্ষামূলক ভাবে প্রয়োগ করা হয়। আগামী দিনে আমেরিকার ৮৯টি জায়গায় এই পরীক্ষা হবে। তাতে সাফল্য এলে চলতি বছরের শেষ দিকে করোনভাইরাসের টিকা বাজারে এনে ফেলতে পারবে ওই দুই সংস্থা।

তৃতীয় পর্যায়ে মানবশরীরের উপর টিকার এই পরীক্ষামূলক প্রয়োগকে ফেজ থ্রি কোভ স্টাডি বলা হচ্ছে। এর আগে কখনও কোনও টিকা তৈরির অভিজ্ঞতা নেই মডার্নার। তবে মার্কিন সরকারের কাছ থেকে প্রায় ১০০ কোটি ডলার অর্থসাহায্য পেয়েছে তারা। যত তাড়াতাড়ি সম্ভব করোনার টিকা বাজারে আনতে নতুন ধরনের প্রযুক্তি ব্যবহার করছে তারা। তার জন্য গবেষণাগারে তৈরি কৃত্রিম এমআরএনএ দিয়ে টিকা তৈরি করা হচ্ছে।
এমআরএনএ হল এক ধরনের জেনেটিক কোড, যার নির্দেশে কোষগুলি প্রোটিন তৈরি করে, যেগুলি কিনা আবার করোনার জীবাণুর প্রোটিনের মতোই দেখতে। করোনার জীবাণুদের খুঁজে বার করে তাদের বিরুদ্ধে রোগ প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলতে সাহায্য করে এই এমআরএনএ। এই পরীক্ষা সফল হলে ২০২১-এর মধ্যে ৫০ থেকে ১০০ কোটি ডোজ বাজারে

আনা সম্ভব হবে বলে জানিয়েছেন মডার্নার চিফ এগজিকিউটিভ অফিসার স্টেফান বানচেল।

কিন্তু কৃত্রিম এমআরএনএ দিয়ে তৈরি টিকা মানবশরীরের পক্ষে আদৌ নিরাপদ কি না, প্রাপ্তবয়স্কদের পক্ষে এই টিকা কতটা উপযোগী এবং এর পার্শ্বপ্রতিক্রিয়াই বা কী হতে পারে, তৃতীয় পর্যায়ে তা-ই খতিয়ে দেখা হচ্ছে।

পরীক্ষা সফল হলে চুক্তি অনুযায়ী ২০০ কোটি ডলারের বিনিময়ে মার্কিন নাগরিকদের জন্য ৫ কোটি ডোজ সরকারকে দিতে বাধ্য ফাইজার। তারা জানিয়েছে, পরীক্ষা সফল হলে অক্টোবরের মধ্যে ৫ কোটি করোনা রোগীর উপর টিকা প্রয়োগে অনুমতি চাইবে তারা। ২৮ দিন অন্তর দু’টি করে ডোজ দেওয়া হবে ওই রোগীদের। ২০২১ শেষ হওয়ার আগে তারা ১৩০ কোটি ডোজ তৈরি করে ফেলবে বলে দাবি ফাইজারের।

করোনার প্রকোপ রুখতে এই মুহূর্তে বিশ্বের বিভিন্ন দেশে সব মিলিয়ে ১৫০টি সম্ভাব্য টিকা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চলছে। মানবশরীরের উপর টিকার প্রয়োগ শুরু করে দিয়েছে একাধিক সংস্থা। চলতি সপ্তাহে আমেরিকায় ক্লিনিক্যাল ট্রায়াল শুরু করছে জনসন অ্যান্ড জনসন। সেপ্টেম্বর নাগাদ ব্যাপক ভাবে তারা পরীক্ষা শুরু করে দিতে পারে।

অক্সফোর্ডের গবেষকদের সঙ্গে হাত মিলিয়ে ওষুধ সংস্থা অ্যাস্ট্রোজেনেকা যে টিকা তৈরি করছে, খুব শীঘ্র তারাও আমেরিকায় ব্যাপক ভাবে পরীক্ষা শুরু করতে চলেছে। প্রথম পর্বে, গত এপ্রিল ও মে মাসে ব্রিটেনের পাঁচটি হাসপাতালে ১৮-৫৫ বছর বয়সি প্রায় ১ হাজার সুস্থ ব্যক্তির দেহ প্রতিষেধক প্রয়োগ করে তারা। প্রতিষেধক দেওয়ার ৫৬ দিন পর তাদের শরীরে শক্তিশালী অ্যান্টিবডি তৈরি হয়েছে বলে জানা গিয়েছে।

দ্বিতীয় পর্বে ১০০ জন শিশু এবং বয়স্ক মানুষকে দু’টি আলাদা দলে ভাগ করে প্রতিষেধকের প্রয়োগও সফল হয়। এই মুহূর্তে তৃতীয় ধাপের জন্য প্রস্তুতি নিচ্ছে অক্সফোর্ড। এই পর্বে এক হাজার মানুষের দেহে করোনার প্রতিষেধক প্রয়োগ করা হবে।

সূত্র: আনন্দবাজার।

[redacted]

[redacted]

ময়দানে প্রবেশ গত ২৫ জুলাই থেকে হজের পঞ্চম দিন ১২ জিলহজ পর্যন্ত নিষিদ্ধ থাকছে। এসময় কেউ নিয়ম ভঙ্গ করলে ১০ হাজার সৌদি রিয়াল জরিমান গুণতে হবে। একই নিয়ম দ্বিতীয়বার ভঙ্গ করলে জরিমানার পরিমাণ দ্বিগুণ হবে।

মহামারীর কারণে এবার কোনো বিদেশিকে হজ করতে যাওয়ার সুযোগ দিচ্ছে না সৌদি আরব। যারা আগে থেকে সেখানে (সৌদি আরবে) অবস্থান করছেন। শুধু তারাই হজ পালন করতে পারবেন। হজে ১ হাজারের মধ্যে ৭০০ জন বিদেশি মুসলিম নাগরিক এবং ৩০০ জন সৌদি নাগরিক অংশ নিচ্ছেন। এছাড়া অংশ গ্রহণকারী হাজীদের বয়স ২০ থেকে ৫৫ বছরের মধ্যে রাখা হয়েছে। এছাড়া মীনা, আরাফা, মুজদালিফা ও জামারার হজের কার্যক্রমে প্রতি দলে ২০ জন করে অংশ নেবেন। এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াতের সময়ও ২০ জন করে দল থাকবেন। এমনকি হজ কার্যক্রম শুরু হওয়ার পর কারও ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, কিডনী ও হাপানি রোগের লক্ষণ বা উপসর্গ থাকলে তিনিও হজে অংশ নিতে পারবেন না।

ইতিপূর্বে হজ করেছেন এমন ব্যক্তিও এবার বিবেচিত হবেন না। হজ চলাকালে কারও মধ্যে করোনাভাইরাসের উপসর্গ দেখা গেলে তার ও সংস্পর্শে আসা ব্যক্তিদের পরিস্থিতি চিকিৎসকের পর্যালোচনার পরই কেবল হজ শেষ করার অনুমতি দেওয়া হবে। তাদের জন্য আলাদা আবাসন, পরিবহন ও ভ্রমণ সূচির ব্যবস্থা করা হবে।

উচ্চ মাত্রার জ্বর, কফ, গলা ব্যাথা ও হঠাৎ ঘ্রাণ ও স্বাদ হারিয়ে ফেলার মতো উপসর্গ দেখা গেলে তাকে হজ পালন করতে দেওয়া হবে না। হজ পালনকারী ও হজে দায়িত্ব পালনকারীদের অবশ্যই সুরক্ষা মাস্ক পড়তে হবে। ব্যবহার শেষে সুনির্দিষ্ট স্থানে ফেলতে হবে।

হজ পালনকারীরা যেখানেই সমবেত হোন কেন দু’জনের মধ্যে অন্তত দেড় মিটার দূরত্ব রাখতে হবে। খাবার পানি ও জমজমের পানি একবার ব্যবহারযোগ্য কন্টেইনারে সংগ্রহ করা যাবে। মক্কা ও পবিত্র স্থানগুলোর পানি ঠান্ডা রাখার রেফ্রিজারেটর সরিয়ে ফেলা হয়েছে। হজ পালনকারীদের প্রত্যেককে আগে থেকে হজের সমাপ্তি পর্যন্ত প্যাকেটজাত পুষ্টিকর খাবার দেওয়া হবে।

আরাফাত ও মুযদালিফায় হজ পালনকারীদের অবশ্যই নির্ধারিত স্থানে অবস্থান করতে হবে। সে ক্ষেত্রে হজ বিধিবিধান কড়াকাড়িভাবে মেনে চলতে হবে। মীনার তাবু এলাকার ৫০ বর্গমিটারের মধ্যে ১০ জনের বেশি হজ পালনকারী থাকতে পারবেন না। এছাড়া কাবা ও কালো পাথরের চারপাশে

অবরোধ দেওয়া থাকবে যাতে কেউ কাছে না যেতে পারে।

তাওয়াফের জন্য কাবার চারপাশ এবং সাফা ও মারওয়া পাহাড়ের মধ্যে দৌড়ানোর স্থানকে প্রতি দল হজ পালনকারী ব্যবহারের আগে ও পরে জীবাণুমুক্ত করা হবে। সূত্র-যুগান্তর

এক দশকেও তিস্তা চুক্তি করতে পারেনি সরকার: মির্জা ফখরুল

দেশে বন্যার জন্য সরকারের নতজানু পররাষ্ট্রনীতিকে দায়ী করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

তিনি বলেছেন, তিস্তার চুক্তির কথা ফলাও এই সরকার প্রচার করলেও গত এক দশকে সে চুক্তি করতে সক্ষম হয়নি। উজানে ভারত থেকে নেমে আসা পানিতে নদী অববাহিকার মানুষ সর্বস্বান্ত হচ্ছে।

সোমবার এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে বিএনপি মহাসচিব এসব কথা বলেন।

তিনি বলেন, দেশের মানুষকে আশা দিয়ে এক দশকেও সরকার তিস্তা চুক্তি করতে পারেনি। অথচ একের পর এক ট্রানজিট, বন্দর ব্যবহার, বিদ্যুৎ ক্রয়সহ অসংখ্য অসম চুক্তি স্বাক্ষর করেছে।

বিএনপি মহাসচিব বলেন, ভারত অভিন্ন নদীগুলোর সকল বাঁধ-ব্যারেজের গেট খুলে দেয়ায় উজান থেকে নেমে আসা বন্যার পানিতে বাংলাদেশের ব্রহ্মপুত্র, যমুনা, মেঘনা, মহানন্দ, পদ্মা, তিস্তা ও ধরলা নদীর অববাহিকায় ৩৪টি জেলা ইতোমধ্যেই প্লাবিত হয়েছে।

তিনি বলেন, কয়েকটি জেলায় এক মাসের মধ্যে ২-৩বার বন্যার পানি উজান থেকে এসে বাড়ি-ঘর, ফসলের ক্ষেত ভাসিয়ে নিয়ে গেছে।

‘ভারতের সঙ্গে অভিন্ন নদী ১৫৪টি। একমাত্র পদ্মার ফারাক্কা বাঁধ ব্যতীত কোনটারই কোনো পানি বণ্টন চুক্তি ভারতের অনীহার কারণে সম্পূর্ণ হয়নি’।

দেশের বন্যা পরিস্থিতির কথা তুলে ধরে মির্জা ফখরুল আরও বলেন, একদিকে করোনাভাইরাস মোকাবেলায় সরকারের চরম ব্যর্থতা মানুষের জীবন ও জীবিকাকে বিপন্ন করে তুলেছে, অন্যদিকে উজানে ভারত থেকে বন্যার পানি নেমে আসায় সম্পদহানি, বাড়িঘর ভেঙে যাওয়া, গবাদি পশুর মৃত্যু, ফসলহানি দেশের মানুষকে সীমাহীন কষ্ট ও অর্থনৈতিক অসহায়ত্বের মধ্যে ফেলেছে।

সূত্র- যুগান্তর

স্বাস্থ্য অধিদফতরের নতুন মহাপরিচালক হচ্ছেন ডা. এনায়েত

স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক হিসেবে নিয়োগ পাচ্ছেন অধ্যাপক ডা. এ. এইচ. এম এনায়েত হোসেন। বৃহস্পতিবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের একটি সূত্র এ তথ্য জানিয়েছে। সর্বশেষ তিনি স্বাস্থ্য শিক্ষা অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

এদিকে স্বাস্থ্য শিক্ষা অধিদফতরের মহাপরিচালক হচ্ছেন ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশিদ আলম।

ডা. এনায়েত হোসেন সিলেট মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করে ১৯৮৯ সালে ৮ম বিসিএস ক্যাডারে নিয়োগ পান। সিলেট মেডিকেল কলেজ হাসপাতালে দীর্ঘদিন মেডিকেল অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন এ চিকিৎসক।

২০০৩ সালে রংপুর মেডিকেল ও ২০০৭ সালে জাতীয় চক্ষুবিজ্ঞান ইন্সটিটিউশনে পরিচালক হিসেবে নিয়োগ পান তিনি। ২০১৫ সালে স্বাস্থ্য অধিদফরের ডাইরেক্টর (এনসিডিসি) হিসেবে নিয়োগ দেয়া হয়। পরে তিনি অতিরিক্ত মহাপরিচালক (এজিডি) পদে দায়িত্বপ্রাপ্ত হন।

এর আগে বৃহস্পতিবার করোনা ভাইরাস পরীক্ষা নিয়ে বিভিন্ন হাসপাতালের প্রতারণা নিয়ে তোলপাড়ের মধ্যেই স্বাস্থ্য অধিদফতরের

হাসপাতাল শাখার পরিচালক ডা. আমিনুল হাসানকে ওএসডি (বিশেষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) করা হয়েছে। তার স্থলে নতুন পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে ডা. ফরিদ হোসেন মিয়াকে।

ব্রাজিলে একদিনেই ৬৮ হাজার আক্রান্তের রেকর্ড

কোভিড-১৯ মহামারীতে বিপর্যস্ত ব্রাজিল। কিছুতেই নিয়ন্ত্রণে আসছে না মৃত্যু ও আক্রান্তের সংখ্যা। সব রেকর্ড ভেঙে চুরমার করে দিয়ে গত ২৪ ঘণ্টায় দেশটিতে ৬৮ হাজার মানুষের দেহে করোনাভাইরাস শনাক্ত হয়েছে। খবর এপি ও নিউইয়র্ক পোস্টের।

ব্রাজিলের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে উল্লেখিত দুটি গণমাধ্যমের খবরে বলা হয়েছে, স্থানীয় সময় বুধবার পর্যন্ত ২৪ ঘণ্টায় ব্রাজিলে ৬৭ হাজার ৮৬০ জনের দেহে করোনাভাইরাসের উপস্থিতি শনাক্ত করা হয়েছে। যেটি গত সাত মাসে দেশটিতে সর্বোচ্চ আক্রান্তের রেকর্ড। এর আগে ১৯ জুন লাতিন আমেরিকার দেশটিতে সর্বোচ্চ ৫৪ হাজার ৭৭১ জন আক্রান্ত হয়েছিলেন।

চব্বিশ ঘণ্টায় করোনায় আক্রান্তদের মধ্যে ব্রাজিলে ১ হাজার ২৮৪ জনের মৃত্যু হয়েছে। তাতে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৮২ হাজার ৭৭১ জন।

দীর্ঘ লকডাউনের পর ব্রাজিল যখন বিভিন্ন এলাকায় স্বাভাবিক অর্থনৈতিক কর্মকাণ্ড শুরু করতে যাচ্ছে তখনই ২৪ ঘণ্টায় সর্বোচ্চ সংখ্যক মানুষ আক্রান্তের রেকর্ড হলো।

পৃথিবীতে যুক্তরাষ্ট্রের পর ব্রাজিলে সর্বোচ্চ আক্রান্ত ও মৃত্যুর রেকর্ড করোনায়। দেশটিতে ৮২ হাজার ৭০০ জনের বেশি মানুষের মৃত্যু হয়েছে করোনায়। আর আক্রান্ত হয়েছেন ২২ লাখের বেশি মানুষ। এমনকি ব্রাজিল প্রেসিডেন্ট জাইর বোলসোনারোও করোনায় আক্রান্ত হয়েছেন দুই সপ্তাহ আগে।

করোনায় বিশ্বব্যাপী প্রাণহানি ও আক্রান্তের পরিসংখ্যান রাখা আন্তর্জাতিক ওয়েবসাইট ওয়ার্ল্ডওমিটার বলছে, বৃহস্পতিবার বেলা সাড়ে ১০ টা পর্যন্ত লাতিন আমেরিকার দেশটিতে করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন ৮২ হাজার ৮৯০ জন। আক্রান্ত শনাক্ত হয়েছেন ২২ লাখ ৩১ হাজার ৮৭১ জন। সুস্থ হয়ে উঠেছেন ১৫ লাখ ৩২ হাজার ১৩৮ জন।

তালিকায় ব্রাজিলের ওপরে কেবল যুক্তরাষ্ট্র, ৪১ লাখ ছাড়িয়েছে।

বিশেষজ্ঞদের ধারণা, ব্রাজিলে করোনাভাইরাসে আক্রান্ত-মৃত্যুর সংখ্যা অনেক বেশি। দেশটিতে প্রয়োজনের তুলনায় পরীক্ষা করা হচ্ছে খুব কম।

পাঁচ মাস আগে করোনাভাইরাসের সংক্রমণ শুরু হয় ব্রাজিলে। কিন্তু সংক্রমণ রোধ করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়নি। কভিড-১৯ নিয়ন্ত্রণে লকডাউন ও অন্যান্য বিধিনিষেধের ঘোর বিরোধী দেশটির প্রেসিডেন্ট জাইর বলসোনারো। তার দৃষ্টিতে করোনাভাইরাস ‘সাধারণ ফ্লু’ জাতীয় রোগ। অথচ তিনি নিজেই করোনায় আক্রান্ত!এ কারণে তার ব্যাপক সমালোচনা হচ্ছে।

সূত্র- যুগান্তর

বিশ্ব সেরা চিন্তাবিদের তালিকায় বাংলাদেশি স্থপতি মারিনা

বিশ্ব সেরা ৫০ জন চিন্তাবিদের তালিকায় স্থান করে নিয়েছেন বাংলাদেশি স্থপতি মেরিনা তাবাসসুম। ব্রিটিশ সাময়িকী প্রসপেক্টস ১৪ জুলাই এ তালিকা প্রকাশ করেছে।

সাময়িকীটিতে বলা হয়েছে, মেরিনা তাবাসসুম প্রাকৃতিক পরিবেশের সঙ্গে মিল রেখে ভবন নির্মাণ এবং পরিবেশের দ্বারা উদ্ভূত চ্যালেঞ্জগুলো গ্রহণ করে নকশা তৈরি করায় দারুণ অবদান রেখেছেন। তার নকশা করা স্থানীয় উপকরণের হালকা ওজনের বাড়িগুলো স্টিলের ওপর

দাঁড়িয়ে থাকতে সক্ষম এবং পানির মাত্রা বেড়ে গেলে সেগুলো সরানো যায়। বিষয়গুলো আন্তর্জাতিকভাবে ভূয়সী প্রশংসা কুড়িয়েছে।

টেরাকোটা ইট দিয়ে নির্মিত রাজধানীর বায়তুর রউফ মসজিদের নকশা করেছেন মেরিনা। মসজিদটির নকশা করে স্থাপত্যে আগা খান পুরস্কারও পেয়েছেন এই স্থপতি। বাংলাদেশের স্থপতি হিসেবে তিনিই প্রথম আগা খান পুরস্কারে ভূষিত হন।

সূত্র- বিডি প্রতিদিন

রাজীব গান্ধীর হত্যাকারী নলিনীর আত্মহত্যার চেষ্টা

জেলেই আত্মহত্যার চেষ্টা করেছেন ভারতের সাবেক প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর হত্যাকারী নলিনী শ্রীহরণ। সোমবার গভীর রাতে জেলের মধ্যে নলিনী আত্মঘাতী হওয়ার চেষ্টা করে বলে জানিয়েছেন তার আইনজীবী। গত ২৯ বছর ধরে হাজতে রয়েছে নলিনী।

নলিনীর আইনজীবী জানিয়েছেন, দীর্ঘ ২৯ বছরে এই প্রথমবার নলিনী এই ধরনের পদক্ষেপ নিয়েছে। নলিনীর সঙ্গে আরেকজন যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামীর সম্প্রতি ঝগড়া হয়। ঘটনাটি জেল কর্মকর্তা পর্যন্ত গড়ায়। ওই ঘটনার পরিপ্রেক্ষিতেই নলিনী আত্মহত্যার চেষ্টা করে।

রাজীব গান্ধী হত্যা মামলায় নলিনীর স্বামী মুরুগনও জেল খাটছে। সে জেল কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানিয়েছে, নলিনীকে অন্য জেলে স্থানান্তরিত করা হোক। বর্তমানে নলিনী ভেলোর জেলে রয়েছে।

রাজীব গান্ধি হত্যা মামলায় নলিনী-সহ ৭ জনকে দোষী সাব্যস্ত করা হয়। ১৯৯১ সালের ২১ মে শ্রীরুম্বুদুরে একটি নির্বাচনী জনসভায় তৎকালীন প্রধানমন্ত্রী রাজীব গান্ধিকে হত্যা করে এলটিটিই-র এক আত্মঘাতী জঙ্গি।

সূত্র- বিডি প্রতিদিন

[redacted]

[redacted]

জায়ান্ট অ্যাস্ট্রাজেনেকার সঙ্গে যৌথভাবে এই ভ্যাকসিন তৈরি করেছে অক্সফোর্ড।

বিশ্বের শীর্ষস্থানীয় বিশেষজ্ঞরা বলছেন, আগামী বছরের মাঝের দিকে হয়তো যেকোনও একটি কোভিড-১৯ ভ্যাকসিন বিস্তৃত পরিসরে সহজলভ্য হতে পারে। সাধারণত যেকোনও ভ্যাকসিন তৈরি এবং চূড়ান্ত অনুমোদনের জন্য কয়েকবছর এমনকি কয়েক দশকের দরকার হয়। তবে অক্সফোর্ডের এই ভ্যাকসিন যদি সফল হয় তাহলে সেটি হবে একটি যুগান্তকারী আবিষ্কার।

গত ১৫ জুলাই অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একজন মুখপাত্র বলেন, ভ্যাকসিন তৈরির সঙ্গে সংশ্লিষ্ট বিজ্ঞানী দল বিজ্ঞানবিষয়ক সাময়িকীতে এর ফল প্রকাশের অপেক্ষা করছেন। তবে এ বিষয়ে আর কোনও বিস্তারিত তথ্য তিনি দেননি।

এর আগে অক্সফোর্ডের বিজ্ঞানীরা বলেছিলেন, তারা ভ্যাকসিনটির সফলতার ব্যাপারে ৮০ শতাংশ আশাবাদী। যদি সফল হয় তাহলে আগামী সেপ্টেম্বরের মধ্যেই মানুষের শরীরে ভ্যাকসিনটি প্রয়োগ শুরু করা যেতে পারে। সূত্র: বিবিসি বাংলা

হাসপাতালে ভর্তি সৌদি বাদশাহ সালমান

অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন সৌদি আরবের বাদশাহ সালমান বিন আবদুল আজিজ। রাজধানী রিয়াদের কিং ফয়সাল বিশেষায়িত হাসপাতালে ভর্তি হয়েছেন তিনি। সেখানে তার স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

সোমবার সকালে রাজকীয় এক বিবৃতিতে এ কথা জানানো হয়েছে। খবর রয়টার্সের।

সৌদি প্রেস এজেন্সির (এসপিএ) বরাত দিয়ে রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, ৮৪ বছর বয়স্ক সৌদি বাদশাহ গলব্লাডারের সমস্যায় ভোগছেন। তাকে কিং ফয়সাল স্পেশালিস্ট হাসপাতালে ভর্তি করা হয়েছে। সেখানে তার মেডিকেল টেস্ট করা হবে।

সালমান ২০১৫ সাল থেকে সৌদি আরব শাসন করছেন। অবশ্য তার ছেলে যুবরাজ মোহাম্মদ বিন সালমানকে দেশটির ‘ডি-ফ্যাক্টো’ শাসক মনে করা হয়। সালমান সৌদি বাদশাহ হওয়ার আগে ২০১২ সাল থেকে দেশটির ডেপুটি প্রধানমন্ত্রী ও ক্রাউন প্রিন্সের দায়িত্বে ছিলেন। এর আগে ৫০ বছরের বেশি সময় তিনি রিয়াদের গভর্নর ছিলেন।

বয়োবৃদ্ধ বাদশাহ সালমান শারীরিকভাবে খুবই দুর্বল। অন্যের সাহায্য ছাড়া একাকী চলাফেরাও তেমন করতে পারেন না। তিনি যুক্তরাষ্ট্রের অন্যতম মিত্র হিসেবে পরিচিত। সূত্র-যুগান্তর